

(একই স্মারক ও তারিখ সম্বলিত পত্রের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-১২৩০

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয়ঃ যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত অফিস সহায়ক (গ্রেড-২০)-এর ১০৩ (একশত তিন) টি শূন্য পদে জনবল নিয়োগের MCQ লিখিত পরীক্ষা বাতিল প্রসংগে।

যুব উন্নয়ন অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত অফিস সহায়ক (গ্রেড-২০)-এর ১০৩ (একশত তিন) টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে অত্র দপ্তরের ০৯/১১/২০২০ তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-৮৫৮ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি এবং ৩০ মার্চ ২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-৫৬৭ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং উক্ত বিধিমালার 'তপশিল-৫' অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণের বাধ্যবাধকতা থাকায় যুব উন্নয়ন অধিদপ্তরের ৩০ মার্চ ২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-৫৬৭ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তির ১৫ নং অনুচ্ছেদ মোতাবেক বিভাগীয় নিয়োগ কমিটির ৩০/০৬/২০২৬খ্রি তারিখের সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গত ২৭/০৬/২০২৬খ্রি তারিখে অনুষ্ঠিত যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস সহায়ক (গ্রেড-২০) পদের MCQ লিখিত পরীক্ষাটি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। এমতাবস্থায়, যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস সহায়ক (গ্রেড-২০)-এর শূন্য পদে গত ২৭/০৬/২০২৬খ্রি. তারিখের MCQ লিখিত পরীক্ষা এবং ২৮/০৬/২০২৬খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-১২১৫ সংখ্যক স্মারকে প্রকাশিত ফলাফল এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

০৩। 'মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯' এবং উক্ত বিধিমালার 'তপশিল-৫' অনুযায়ী অফিস সহায়ক (গ্রেড-২০)-এর ১০৩ (একশত তিন) টি শূন্য পদে লিখিত পরীক্ষা (বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-২০ ও সাধারণ জ্ঞান-১০ মোট ৭০ নম্বর) গ্রহণের সময়সূচি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট (www.dyd.gov.bd) এবং টেলিটকের মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

(এম এ আখের)

যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন) ও
সভাপতি
বিভাগীয় নিয়োগ কমিটি
ফোন: ২২৩৩৮০৮৬৩

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.১১.০১৩.২০-১২৩০

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) প্রেরণ করা হলো:

- ০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৫। নোটিশ বোর্ড/ অফিস কপি।

(মোঃ আতিকুর রহমান)

উপপরিচালক (প্রশাসন-১) ও
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
ফোন: ০২-২২৬৬৪২২০৫